[illegible] [illegible] [illegible] [illegible], [illegible] [illegible] [illegible] [illegible]

[illegible] [illegible] [illegible] [

মহাসড়কের মান উনীত করা; ৭৩১ কোটি টাকার কিশোরগঞ্জ-করিমগঞ্জ-চামড়াঘাট জেলা মহাসড়ক যথাযথ মানে উনীত করাসহ ছয়না-যশোদল-দেদ্দশত বাজার সংযোগ সড়ক নির্মাণ; ১ হাজার ৭১৯ কোটি টাকার ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের বিভিন অবকাঠামো উনয়ন; ১ হাজার ৮৮ কোটি টাকার ঢাকার মিরপুরের পাইকপাড়ায় সরকারি কর্মকর্তা-কর্মচারীদের জন্য বহুতল আবাসিক ফ্ল্যাট নির্মাণ; ১২৯ কোটি টাকার ঢাকার আজিমপুরে বিচারকদের জন্য বহুতল আবাসিক ভবন নির্মাণ; ৫৮০ কোটি টাকার ইরিগেশন ম্যানেজমেট ইম্প্রুভমেট প্রজেক্ট এবং ৭০ কোটি টাকার জলবায়ু পরিবর্তনের বিরপ প্রভাব নিরসনে সিলেট বন বিভাগে পুনঃ বনায়ন ও অবকাঠামো উনয়ন প্রকল্প।

নিজস্ব প্রতিনিধি

বুয়েট শিক্ষার্থীদের মাঠের আদোলন আপাতত স্থগিত

আবরার ফাহাদ হত্যার অভিযোগপত্র জমা দেওয়ার পর আসামিদের বুয়েট থেকে একাডেমিক ভাবে স্◌ায়ী বহিষ্◌ার না করা পর্যÍ কোনো ধরনের একাডেমিক কার্যক্রমে অংশ না নেওয়ার ঘোষণা দিয়েছেন বুয়েটের আদোলনরত শিক্ষার্থীরা।

তবে মাঠের আদোলনে আপাতত ইতি টানার ঘোষণা দিয়েছেন তাঁরা। গতকাল মঙ্গলবার বিকেলে বুয়েট শহীদ মিনারে এক সংবাদ ব্রিফিংয়ে আদোলনরত শিক্ষার্থীদের পক্ষ থেকে এই ঘোষণা দেওয়া হয়।

এ ছাড়া আগামীকাল বুধবার স্ত্রাস ও সাম্প্রদায়িক শক্তিক রুখ দেওয়ার দাবিতে গণশপথ কর্মসূচি পালনের ঘোষণাও দিয়েছেন আদোলনরত শিক্ষার্থীরা।

নিজস্ব প্রতিনিধি

পল্টনে সমাবেশমুখী বিএনপির অর্ধশত নেতাকর্মী আটক

পল্টনে দলের কেন্দ্রীয় কার্যালয়ের সামনে আয়োজিত সমাবেশে যোগ দিতে যাওয়া বিএনপির ৫০ নেতাকর্মীকে আটক করা হয়েছে।
রাজধানীর পল্টন এলাকা থেকে গতকাল শনিবার দুপুরে তাদের আটক করে নিয়ে গেছে রমনা ও পল্টন থানা পুলিশ।
দলের নেতাকর্মীদের আটকের বিষয়টি সাংবাদিকদের জানিয়েছেন বিএনপির যুগ্ম-মহাসচিব ও ঢাকা মহানগর বিএনপির (দক্ষিণ) সভাপতি হাবীব-উন-নবী খান সোহেল। আটককৃতদের অবিলম্বে মুক্তির দাবি জানিয়েছেন তিনি।
ভারতের সঙ্গে ‘দেশবিরোধী চুক্তি’ বাতিল ও বুয়েটের শিক্ষার্থী আবরার ফাহাদ হত্যার প্রতিবাদে গতকাল শনিবার দুপুর থেকে রাজধানীর নয়াপল্টনে দলের কেন্দ্রীয় কার্যালয়ের সামনে বিএনপির সমাবেশ চলছে। সেই সমাবেশমুখী মিছিল থেকে তাদের আটক করা হয়।
পূর্বঘোষিত হলেও সমাবেশের জন্য পুলিশের অনুমতি পায়নি বিএনপি। কিন্তু গতকাল শনিবার দুপুর থেকে দলের কেন্দ্রীয় কার্যালয়ের সামনে সমাবেশ শুরু করে দলটি।
সকাল থেকে সমাবেশে যোগ দিতে নয়াপল্টনে জড়ো হতে থাকেন বিএনপির নেতাকর্মীরা। এর আগে সকাল থেকেই নয়াপল্টনে কঠোর অবস্থান নেয় পুলিশ। দুপুর ১২টার দিকে দুই দফায় পুলিশের সঙ্গে বিএনপি নেতাকর্মীদের ধাওয়াপাল্টা ধাওয়ার ঘটনা ঘটে।

নিজস্ব প্রতিনিধি:

বুয়েট ছাত্রলীগ সভাপতি-সাধারণ

সম্পাদকের কক্ষ সিলগালা

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) বিভিন্ন হলে অবস্থান করা অবৈধ, অনিয়মিত শিক্ষার্থীদের রুম সিলগালা করা শুরু করেছে কর্তৃপক্ষ। গতকাল শনিবার বিকেলে বুয়েটের ছাত্র কল্যাণ উপদেষ্টা (ডিএসডব্লিউ) মিজানুর রহমানের নেতৃত্বে এ কাজ শুরু হয়।

গতকাল প্রথম দিন বুয়েট শাখা ছাত্রলীগের সভাপতি জামিউস সানির আহসানউল্লাহ হলের ৩২১ নম্বর কক্ষ এবং শেরে বাংলা হলে সাধারণ সম্পাদক মেহেদী হাসানের ৩০১২ নম্বর কক্ষ সিলগালা করে দেওয়া হয়। এ ছাড়া বিভিন্ন হলে ছাত্রলীগের অফিস কক্ষ হিসেবে পরিচিত কয়েকটি কক্ষও সিলগালা করা হয়।
ছাত্রলীগের সাধারণ সম্পাদক মেহেদী হাসান আবরার ফাহাদ হত্যা মামলার এজাহারভুক্ত আসামি। আবরার ফাহাদের হত্যার পর দাবির মুখে বুয়েটে ছাত্র ও শিক্ষকদের সাংগঠনিক রাজনীতি নিষিদ্ধ করেন। ডিএসডব্লিউ মিজানুর রহমান সাংবাদিকদের বলেন, এই অভিযান চলবে। হল প্রভোস্টরা হলগুলোতে অভিযান চালাবেন।

নিজস্ব প্রতিনিধি:

হঠাৎ ভারতীয় পানি মেহেরপুরে

মেহেরপুর সদর উপজেলার সীমান্তবর্তী শোলমারী ও শুভরাজপুর গ্রামে দিয়ে প্রবেশ করছে ভারতীয় পানি। এতে প্লাবিত হওয়ার সম্ভাবনা রয়েছে সীমান্তবর্তী গ্রামের শত শত বিঘা জমির ফসল। ইতি মধ্যে বেশ কয়েক বিঘা জমির ফসল পানির নিচে তলিয়ে গেছে। শনিবার সকাল থেকে মেহেরপুর সদর উপজেলার শোলমারী ও শুভরাজপুর গ্রাম দিয়ে প্রবেশ করছে ভারতীয় জলাঙ্গী নদীর পানি। এই পানি শোলমারী, শুভরাজপুর ও কুতুবপুর গ্রামের পাশ দিয়ে মেহেরপুরের ভৈরব নদে প্রবেশ করছে। এতে তিন গ্রামের নদীর পাশের জমির বিভিন্ন ফসল পানির নিচে তলিয়ে যাচ্ছে। হঠাৎ করে এইভাবে পানি প্রবেশে ক্ষতির মুখে পড়েছে স্থানীয় চাষিরা।

ভারতের নদীয়া জেলার বিক্রমপুর থানার নন্দনপুর রাউথবাড়ি দিয়ে

সুযোগ পেয়েও মায়ের কথায় রাশিয়ায় যায়নি আবরার

কুষ্টিয়ার কুমারখালী উপজেলার কয়া ইউনিয়নের রায়ডাঙ্গা গ্রামের বরকত উল্লাহর ও রোকেয়া খাতুনের বড় ছেলে আবরার ফাহাদ ২০১৫ সালে কুষ্টিয়া জেলা স্কুল বিজ্ঞান বিভাগ থেকে এসএসসি পরীক্ষায় গোল্ডেন এ পেয়ে উত্তীর্ণ হন। পরে এইচএসসি বিজ্ঞান বিভাগে ভর্তি হন ঢাকা নটরডেম কলেজে। সেখান থেকে ২০১৭ সালে এইচএসসি পরীক্ষাতেও গোল্ডেন এ প্লাসসহ উত্তীর্ণ হন। পরে বুয়েটের ইলেকট্রিক ও ইলেকট্রনিকস বিভাগে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ভর্তি হন। ফাহাদ সেখানে শেরে বাংলা হলের ১০১১ নং কক্ষের আবাসিক ছাত্র ছিলেন। রাশিয়ায় পারমানবিক নিয়ে গবেষণার সুযোগও পেয়েছিলেন আবরার। কিন্তু মায়ের আপত্তি, যারা পারমানবিক নিয়ে কাজ করে তাদের ক্যান্সার হয়। তাই মায়ের অনুমতি না পেয়ে বুয়েটে ভর্তি হয়েছিলেন। ফাহাদের শোকার্ত মা রোকেয়া খাতুন আহাজারি করে এ কথা বলেন। ছেলেটা ঢাকা মেডিকেল, ঢাবি আর বুয়েটে চান্স পেয়েছিল। সব বিসর্জন দিয়ে ভর্তি হয় বুয়েটে ইঞ্জিনিয়ার হবে বলে। আজ ছেলেটা আর নেই। তাকে মেডিকেলে পড়তে বলেছিলাম, সে পড়ে নাই, ছেলেটা আজ অন্ধকার কবরে। আবরার ফাহাদ এর ভাই ফাহাজ এই প্রতিক্রিয়া ব্যক্ত করেন।
নিহত আবরার ফাহাদ অবসর প্রাপ্ত ব্র্যাক কর্মী বরকত উল্লাহ-রোকেয়া দম্পতির বড় ছেলে। গ্রামের বাড়ি কুষ্টিয়ার কুমারখালী উপজেলার কয়া ইউনিয়নের রায়ডাঙ্গা গ্রামের বাসিন্দা।
ফায়াজ বলেন, যারা এই হত্যাকান্ড ঘটিয়েছে তারাই অপপ্রচার চালাচ্ছেন ফাহাদ ছাত্রশিবির করত। প্রকৃত পক্ষে ফাহাদ পাঁচ ওয়াক্ত নামাজ কালাম পড়ত কিন্তু রাজনৈতিক কোন সংগঠনের সঙ্গে জড়িত নয়। ফাহাদের মা রোকেয়া খাতুন বলেন, ফাহাদ ছুটিতে বাড়িতে এসে ১০দিন ছিল। আগামী ২০ তারিখ থেকে পরীক্ষা শুরু হওয়ার কথা। তাই রোববার সকালে ঢাকার উদ্দেশ্যে রওনা দেয়। কে বা কারা কি কারণে ছেলে ফাহাদকে নৃশংস হত্যা করেছে তার কিছুই জানেন না তিনি। যারাই এই হত্যাকান্ডের সঙ্গে জড়িত তাদের দৃষ্টান্ত মূলক বিচার দাবি করেন তিনি।
কুষ্টিয়া শহরের বাড়ির আশপাশের লোকজন ফাহাদ ও তার পরিবার

সম্পর্কে খুব বেশি কিছু বলতে না পারলেও তাদের গ্রামের বাড়ি কুমারখালী উপজেলার কয়া ইউনিয়নের রায়ডাঙ্গা গ্রামের বাড়িতে ফাহাদরা সবাই খুব পরিচিত। এক সময় এরা সবাই কৃষি পরিবার ছিল। পরে এদের পরিবারের অধিকাংশ সদস্য বিভিন্ন জায়গায় চাকরি নিয়ে বাইরে থাকে।
কয়া ইউনিয়নের চেয়ারম্যান জিয়াউল হক স্বপন বলেন, ছেলেটি খুব ভালো এবং ওকে কোনো দিন কোন রাজনীতির সঙ্গে যুক্ত হতে দেখিনি। কুষ্টিয়া থেকে এসএসসি পাশ করার পরই ঢাকায় পড়তে চলে যায় সে।

নিজস্ব প্রতিনিধি:

বুয়েটে সাংগঠনিক রাজনীতি নিষিদ্ধ

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যায়ের (বুয়েট) ছাত্র আবরার ফাহাদ হত্যার এজাহারভুক্ত ১৯ আসামিকে বিশ্ববিদ্যালয় থেকে সাময়িক ভাবে বহিষ্কার করা হয়েছে। বুয়েটের উপাচার্য অধ্যাপক সাইফুল ইসলাম এ কথা জানিয়েছেন।
গতকাল শুক্রবার বুয়েট অডিটোরিয়ামে আন্দোলনরত শিক্ষার্থীদের সঙ্গে আলোচনা কালে বুয়েটের উপাচার্য এ কথা জানান। তিনি বলেন, বুয়েটে সাংগঠনিক ছাত্র রাজনীতি থাকবে না। আবরারের পরিবারকে ক্ষতিপূরণ দেওয়া হবে এবং মামলার খরচ বুয়েট কর্তৃপক্ষ বহন করবে। বিচারকাজ দ্রুত শেষ করতে সরকারকে চিঠি দেওয়া হবে। বুয়েটে র্যাগিং বন্ধ হবে।
উপাচার্য জানান, সরকার আসামিদের সর্বোচ্চ শাস্তি নিশ্চিতে আশ্বস্ত করেছে। আবরার ফাহাদ হত্যার পর বুয়েটের আন্দোলনকারীরা ১০ দফা দাবি পেশ করে। এ নিয়ে গতকাল বিকেলে শিক্ষার্থীদের সঙ্গে উপাচার্য কথা বলেন। সেখানে তিনি এসব দাবি মেনে নেওয়ার ব্যাপারে নিজের অবস্থান জানান।
গত বৃহস্পতিবার শিক্ষার্থীরা আলটিমেটাম দিয়েছিলেন, উপাচার্য যদি গতকাল শুক্রবার বেলা ২টার মধ্যে তাঁদের সঙ্গে দেখা না করেন, তাহলে বুয়েটের সব ভবনে তালা ঝুলিয়ে দেবেন। এমন পরিস্থিতিতে

গতকালই উপাচার্যের পক্ষ থেকে আলোচনায় বসার কথা জানানো হয়। আবরার হত্যার প্রতিবাদে পঞ্চম দিনের মতো সকাল থেকেই বুয়েট ক্যাম্পাসে জড়ো হন শিক্ষার্থীরা। গতকালও সকালে তাঁরা মিছিল ও পথনাটকসহ বিভিন্ন কর্মসূচি পালন করেছেন।
আবরার ফাহাদ বুয়েটের তড়িৎ ও ইলেকট্রনিক প্রকৌশল বিভাগের দ্বিতীয় বর্ষের (১৭তম ব্যাচ) ছাত্র ছিলেন। তিনি থাকতেন বুয়েটের শেরেবাংলা হলের নিচতলায় ১০১১ নম্বর কক্ষে। গত রোববার রাত আটটার দিকে তাঁকে ডেকে নিয়ে যাওয়া হয় একই হলের ২০১১ নম্বর কক্ষে। ওই কক্ষে তাঁকে নির্যাতন করে বুয়েট ছাত্রলীগের নেতা-কর্মীরা। রাত ৩টার দিকে হল থেকেই তাঁর লাশ উদ্ধার করে পুলিশ। এর পর থেকে শিক্ষার্থীরা আবরার হত্যার ঘটনায় খুনিদের সর্বোচ্চ শাস্তি, বুয়েট ক্যাম্পাসে সাংগঠনিক ছাত্র রাজনীতি নিষিদ্ধ করাসহ ১০ দফা দাবিতে আন্দোলন চালিয়ে যাচ্ছেন। শিক্ষার্থীরা বলছেন, তাঁদের দাবি পূরণ না হওয়া পর্যন্ত কর্মসূচি চলবে।

নিজস্ব প্রতিনিধি:

সব শিক্ষাপ্রতিষ্ঠানেই কমবেশি র্যাগিং আছে: শিক্ষামন্ত্রী

দেশের সব শিক্ষাপ্রতিষ্ঠানেই কমবেশি র্যাগিং আছে উল্লেখ করে শিক্ষামন্ত্রী দীপু মনি বলেছেন, সরকারের একক প্রচেষ্টায় র্যাগিং বন্ধ করা সম্ভব না। শিক্ষাপ্রতিষ্ঠান, শিক্ষক, পরিবার—সবার ভূমিকা রয়েছে। র্যাগিংয়ের বিরুদ্ধে সামাজিক আন্দোলন গড়ে তুলতে হবে।

গতকাল বৃহস্পতিবার রাজধানীর আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে বৈশ্বিক শিক্ষা পরিবীক্ষণ (জিইএম) প্রতিবেদন প্রকাশ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে শিক্ষামন্ত্রী এসব কথা বলেন। ‘অভিবাসন, বাস্তুচ্যুতি এবং শিক্ষা: দেয়াল নয়, প্রয়োজন সেতুবন্ধন’ শীর্ষক প্রতিবেদনটি তৈরি করেছে জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতিবিষয়ক সংস্থা ইউনেসকো।

শিক্ষামন্ত্রী বলেন, ‘বুয়েটের শিক্ষার্থী আবরার ফাহাদের হত্যাকা- ◌ের ঘটনায় আমরা ক্ষুব্ধ, লজ্জিত। একজন মেধাবীর এমন নৃশংস হত্যাকা- মেনে নেওয়া যায় না। হত্যায় জড়িত হিসেবে যাদের নাম এসেছে, তাদের দ্রুত ধরা হয়েছে। অবশ্যই দ্রুততম সময়ের মধ্যে ন্যায়বিচার নিশ্চিত করা হবে।’

বুয়েটে ছাত্রলীগের নেতা-কর্মীরা দীর্ঘদিন ধরে শিক্ষার্থীদের নির্যাতন করলেও প্রশাসন কোনো ব্যবস্থা নেয়নি—শিক্ষার্থীদের এমন অভিযোগের বিষয়ে সাংবাদিকেরা শিক্ষামন্ত্রীকে প্রশ্ন করেন। জবাবে শিক্ষামন্ত্রী বলেন, বুয়েটে ছাত্রলীগসহ অন্য ছাত্রসংগঠনগুলোও শক্তিশালী। শুধু সরকারসংশ্লিষ্ট বলে ছাত্রলীগ এমন করছে, সেটি বলাও গ্রহণযোগ্য না। যেকোনো শিক্ষাপ্রতিষ্ঠানে র্যাগিং বন্ধে সম্মিলিত উদ্যোগ নিতে হবে।

বুয়েটের শিক্ষক-শিক্ষার্থীরা উপাচার্যের পদত্যাগ দাবি করছেন—এ বিষয়ে সরকারের ভাবনা কী, তা জানতে চাইলে শিক্ষামন্ত্রী বলেন, একজন উপাচার্য থাকবেন কি না, তাঁকে অপসারণ করা হবে কি না, সেটি ভিন্ন ব্যাপার। কিন্তু যাঁরা এখন আন্দোলন করছেন, তাঁরা দীর্ঘদিন এমন অন্যায় মেনে নিয়েছেন এবং চলতে দিয়েছেন। অন্যায় প্রতিরোধে নৈতিকতার জায়গা থেকে তাঁরা কী করেছেন। শিক্ষকেরা আগে সরব হলে এমন মর্মান্তিক ঘটনা হয়তো প্রতিরোধ করা যেত।

মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সিনিয়র সচিব সোহরাব হোসাইনের সভাপতিত্বে অনুষ্ঠানে আরও বক্তব্য দেন শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সচিব মুনশী শাহাবুদ্দীন আহমেদ, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জি এম হাসিবুল আলম, ঢাকাস্থ ইউনেসকোর প্রধান বিয়াট্রিস কালদুন, বাংলাদেশ ইউনেসকো জাতীয় কমিশনের ডেপুটি সেক্রেটারি জেনারেল মনজুর হোসেন প্রমুখ।
-নিজস্ব প্রতিনিধি

আবরার হত্যার বিচার দ্রুততম সময়ে: আইনমন্ত্রী

আইনমন্ত্রী আনিসুল হক বলেছেন, আবরার হত্যা মামলার বিচার দ্রুততম সময়ের মধ্যে শেষ করা হবে। তবে কোন আদালতে করা হবে না হবে, তা মামলার অভিযোগপত্র দেওয়ার পরই সিদ্ধান্ত নেওয়া হবে। গতকাল বৃহস্পতিবার দুপুরে নোয়াখালীর চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের নতুন ভবন উদ্বোধন শেষে সাংবাদিকদের এসব কথা বলেন তিনি।

এজাহারে অনেকের নাম নেই—সাংবাদিকদের এমন প্রশ্নে আইনমন্ত্রী বলেন, মামলার এজাহার করা হয়েছে। এই মামলার ও হত্যার যে প্রকৃতি, হয়তো অনেকের নাম এজাহারে না-ও আসতে পারে। কিন্তু এজাহার করার পরে একটা তদন্ত হয়, তদন্ত পুলিশ করবে এবং সেই তদন্তে যারা দোষী, তাদের সবার নাম মামলায় যুক্ত হবে।

এর আগে জেলা ও দায়রা জজ সালেহ উদ্দিন আহমদের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন আনিসুল হক। এ সময় তিনি বলেন, সব আদালত ভবনকে সিসি ক্যামেরার আওতায় আনা হবে। ক্যামেরাগুলো মনিটরিং করা হবে। সাড়ে ৫০ কোটি টাকা ব্যয়ে ১০ তলাবিশিষ্ট ওই আদালত ভবন নির্মিত হয়।

অনুষ্ঠানে নোয়াখালী-৪ আসনের সাংসদ মোহাম্মদ একরামুল করিম চৌধুরী, নোয়াখালী-৬ আসনের সাংসদ আয়েশা ফেরদাউস, আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রণালয়ের সচিব গোলাম ছারওয়ার প্রমুখ বক্তব্য দেন।

বিকেলে মন্ত্রী জেলা আইনজীবী সমিতির মিলনায়তনে আইন পেশায় ৫০ বছর পূর্তি উপলক্ষে আটজন জ্যেষ্ঠ আইনজীবীকে দেওয়া সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন। এ সময় মন্ত্রী আইনজীবী সমিতির গ্রন্থাগারের বই কেনার জন্য ১০ লাখ টাকা অনুদান দেওয়ার ঘোষণা দেন।

-নিজস্ব প্রতিনিধি

টাকার পেছনে ছোটায় আইনজীবীদের প্রতি আস্থা হারাচ্ছে মানুষ: রাষ্ট্রপতি

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বলেছেন, আমার মনে হয়ে আইনজীবীদের ওপর থেকে মানুষ আস্থা হারিয়ে ফেলেছে। তাদের কাছে আইনি সেবা নিতে গিয়ে হয়রানি হয়। কেবল টাকার পেছনে ছোটার যে কালচার তৈরি হয়েছে, তা থেকে বের হয়ে আসতে হবে। তবেই মানুষ আইনজীবীদের আগের মতো শ্রদ্ধা করবে।

গতকাল বৃহস্পতিবার দুপুরে কিশোরগঞ্জ জেলা আইনজীবী সমিতির দেয়া সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ সব কথা বলেন।

রাষ্ট্রপতি বলেন, অতীতে রাজনৈতিক ও সামাজিক ক্ষেত্রে আইনজীবীদের যে গৌরবোজ্জ্বল ভূমিকা ও ঐতিহ্য ছিল তা অনেকটাই ম্লান হয়ে গেছে। আগে যারা সংসদে এমপি হতেন তাদের একটা বড় অংশই ছিল আইনজীবী। তারা সমাজ ও রাষ্ট্রে নেতৃত্ব দিতেন কিন্তু; বর্তমান সময়ে নানা অবক্ষয়ের কারণে সেটা আর দেখা যায় না।

তিনি পরিসংখ্যান দিয়ে বলেন, ১৯৭০ সালের পার্লামেন্টে আইনজীবীর সংখ্যা ছিল ৫১ ভাগ। অষ্টম সংসদে ছিল মাত্র ৩৩ জন। এখন হয়ত তা আরও কম।

রাষ্ট্রপতি আইনজীবীদের সমালোচনা করে বলেন, আমার মনে হয় কেবল টাকার পেছনে ছোটার কারণে আইনজীবীদের ওপর থেকে মানুষ আস্থা হারিয়ে ফেলেছে। তাদের কাছে আইনি সেবা নিতে গিয়ে হয়রানি হয়। তবে এই মানসিকতা থেকে বেরিয়ে আসতে হবে। তবেই মানুষ আইনজীবীদের আগের মতো শ্রদ্ধা করবে।
-নিজস্ব প্রতিনিধি